অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/6/2021 **গভর্নর ক্যাথি হোকল**

সাউথপয়েন্ট পার্কে 11 মিলিয়ন ডলারের পুনরুদ্ধারকৃত ওয়াটারফ্রন্ট প্রোমেনেড চালু হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

প্রকল্পটি নৈসর্গিক দৃশ্য, উপকূল শক্তিশালীকরণ এবং বন্যপ্রাণীদের আবাসস্থল সুরক্ষিত রাখাকে অগ্রাধিকার দিয়েছে

সম্পন্ন হওয়া পার্কের ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ রুজভেল্ট আইল্যান্ড সাউথপয়েন্ট পার্কের অভ্যন্তরে নতুনভাবে সম্প্রসারণ ও উন্নয়নকৃত দু'টি ওয়াটারফ্রন্ট প্রোমেনেড চালু হওয়ার ঘোষণা দিয়েছেন। 11 মিলিয়ন ডলারের এই পুনরুজ্জীবিতকরণ প্রকল্প চলাচলের পথ এবং অঞ্চলটির স্থানীয় গাছপালা রোপণ করার মাধ্যমে দ্বীপটির লুকআউট পয়েন্টগুলো সম্প্রসারণ করেছে এবং ভবিষ্যতে ঝড়ের কারণে হওয়া ক্ষয়ক্ষতি মোকাবেলার জন্য উপকূলকে শক্তিশালী করেছে।

"বাস্তবতা হলো আমরা জলবায়ু পরিবর্তনের কারণে চরম বিরূপ আবহাওয়ার আরো বেশি ঘটনা আমাদের কমিউনিটিগুলোকে বিধ্বস্ত করে দিতে দেখছি, এবং এই হুমকির বিরুদ্ধে আমাদেরকে প্রতিরোধ গড়ে তুলতে হবে," বলেছেন গভর্নর হোকল। "সাউথপয়েন্ট পার্কের নতুন প্রোমেনেডগুলো শুধু দুর্দান্ত নৈসর্গিক দৃশ্য দেখা এবং রুজভেল্ট আইল্যান্ডের সমৃদ্ধ ইতিহাস অ্যাক্সেস করার সুযোগ প্রদান করবে তাই নয়, বরং উপকূলে সম্পন্ন হওয়া উন্নয়নগুলো সামনের বছরগুলোতে দ্বীপটি যাতে চরম বিরূপ আবহাওয়ার প্রভাব থেকে সুরক্ষিত থাকে তা নিশ্চিত করতে সাহায্য করবে।"

সাত একর জায়গা নিয়ে অবস্থিত সাউথপয়েন্ট পার্ক 2011 সালের আগস্ট মাস থেকে জনসাধারণের জন্য উন্মুক্ত করা হয়। এক বছর পরে, সুপারস্টর্ম স্যান্ডি নিউ ইয়র্কে আঘাত হানে এবং স্টেটের উপকূলীয় অঞ্চলগুলোকে ক্ষতিগ্রস্ত করে, যা এধরনের ঝড়ের প্রতি দ্বীপটির অরক্ষিত অবস্থা আরো স্পষ্ট করে তোলে। এই প্রকল্পে 1,600 ফুট দীর্ঘ উপকূলকে স্যান্ডির মতো ঘটনা থেকে সুরক্ষিত রাখার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং প্রায় 34,000 বর্গফুট নতুন সহজাত ল্যান্ডস্কেপিং অন্তর্ভুক্ত করা হয়েছে যা বন্যপ্রাণী ও পোকামাকড়ের আবাসস্থল বজায় রাখবে ও উন্নত করবে, এবং একই সাথে পার্কের অভ্যন্তরে ও আশেপাশে সমৃদ্ধ নৈসর্গিক দৃশ্য তুলে ধরবে।

"জলবায়ু পরিবর্তন কতটা বাস্তব ও বিধ্বংসী হতে পারে তা সুপারস্টর্ম স্যান্ডি আমাদেরকে দেখিয়ে দিয়েছে," **বলেছেন রুজভেল্ট আইল্যান্ড অপারেটিং কর্পোরেশন (Roosevelt Island Operating Corporation)-এর প্রেসিডেন্ট ও CEO শেল্টন জে. হেইনেস।** "সাউথপয়েন্ট পার্কের উপকূলকে সুরক্ষিত রাখা ও শক্তিশালী করার জন্য আমাদের গৃহীত প্রশমনমূলক প্রচেষ্টাগুলো অপরিহার্য এবং ভবিষতমুখী ভাবনার অংশ ছিল। বাড়তি হিসেবে, আমরা একই সময়ে একটি ওয়াটারফ্রন্ট মরুদ্যান তৈরি করেছে - যেটি নিয়ে আমরা অত্যন্ত গর্বিত এবং আমাদের বাসিন্দারা ও দর্শনার্থীরা এটি উপভোগ করবেন বলে আমাদের প্রত্যাশা রয়েছে।"

নতুন সংস্কারকৃত সাউথপয়েন্ট পার্কে আগমনকারীরা সম্প্রসারণকৃত ও আপগ্রেডকৃত লুকআউট পয়েন্টগুলো থেকে সিটির অসাধারণ দৃশ্য উপভোগ করতে পারবেন, ঘন সবুজ গাছপালা দিয়ে ঘেরা চলাচলের পথ দিয়ে নীরবে হাঁটাহাঁটি করতে পারবেন এবং অ্যাক্সেসযোগ্য বসার আসনে থেকে নিরুদ্বেগ অনুভূতি নিয়ে নিউ ইয়র্কের প্রাণবন্ত নদী তীরকে পুনরায় আবিষ্কার করার সুযোগ পাবেন। সেইসাথে, রুজভেল্ট আইল্যান্ডের কমিউনিটি গ্রুপগুলো স্থানীয় গাছপালার পাশাপাশি দ্বীপের ও নদীর বন্যপ্রাণীদের সম্পর্কে শিক্ষামূলক সাইন তৈরি করতে কাজ করছে, যার সবগুলো সাউথপয়েন্ট পার্কের অভ্যন্তরে প্রদর্শিত হবে।

"আমাদের লক্ষ্য ছিল পার্কের চিত্তবিনোদনমূলক ব্যবহার সম্প্রসারণ করা এবং একইসাথে বন্যপ্রাণীদের প্রাকৃতিক আবাসস্থল ধরে রাখা ও উন্নত করা," বলেছেন **ক্যাপিটাল পরিকল্পনা ও প্রকল্প (Capital Planning and Projects)-এর অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর প্রিন্স শাহ**। "এই অঞ্চলে পাওয়া যায় এমন উদ্ভিদ ও বন্যপ্রাণী সম্পর্কে শিক্ষামূলক সাইন তৈরি ও স্থাপনের জন্য আমরা বর্তমানে স্থায়িত্ব ও সংরক্ষণের প্রতি জোর দিয়ে থাকেন এমন কমিউনিটি সদস্যদের সাথে কাজ করছি।"

11 মিলিয়ন ডলারের পুনরুদ্ধার প্রকল্পটি 2020 সালের জুলাই মাসে শুরু হয়েছিল এবং বাজেটের মধ্যে ও নির্ধারিত সময়ের আগেই সম্পন্ন হয়েছে।

কংগ্রেসম্যান ক্যারোলিন বি. ম্যালোনি বলেন, "আমি দীর্ঘদিন ধরেই নিউ ইয়র্ক সিটিব্যাপী উন্মুক্ত স্থানের পক্ষে কথা বলে আসছি, এবং রুজভেল্ট আইল্যান্ডের এবং অ্যাস্টরিয়া ওয়াটারফ্রন্ট ও ইস্ট রিভার এসপ্লানেড এর কংগ্রেস সদস্য হিসেবে, উপকূল শক্তিশালীকরণের গুরুত্ব এবং ইস্ট রিভার সংলগ্ন অঞ্চলের পরিবেশ সংক্রান্ত সমস্যাগুলো সম্পর্কে আমি প্রত্যক্ষভাবে অবগত আছি। চলাচলের পথ এবং স্থানীয় গাছপালা রোপণের মাধ্যমে লুকআউট পয়েন্টগুলো সম্প্রসারণের মধ্য দিয়ে সাউথপয়েন্ট পার্কের ওয়াটারফ্রন্ট প্রোমেনেডগুলোকে অগ্রাধিকার দেয়ার জন্য আমি গভর্নর হোকল এবং রুজভেল্ট আইল্যান্ড অপারেশন কর্পোরেশনের প্রশংসা করি। রুজভেল্ট আইল্যান্ডের অধিবাসীরা শুধু এই নতুন উন্মুক্ত স্থান উপভোগ করতেই সক্ষম হবেন না, বরং সেইসাথে এটি ভবিষ্যতের ঝড়ের কারণে হওয়া ক্ষয়ক্ষতির বিরুদ্ধে উপকূলকে শক্তিশালী করবে।"

সিনেটর জোসে সেরানো বলেন, "আমদের জলবায়ু পরিবর্তনের বাস্তবতার মুখোমুখী হওয়ার এই সময়ে, আমি আনন্দিত যে আমরা সাউথপয়েন্ট পার্কের উপকূল শক্তিশালী করা, এবং

একইসাথে বন্যপ্রাণীদের আবাসস্থল বজায় রাখা নিশ্চিত করতে প্রয়োজনীয় সতর্কতামূলক পদক্ষেপসমূহ গ্রহণ করছি। এসব উন্নয়ন রুজভেল্ট আইল্যান্ডকে শুধু চরম বিরূপ আবহাওয়া থেকেই রক্ষা করবে না, বরং সেইসাথে সামনের বছরগুলোতে অধিবাসী ও দর্শনার্থীদের জন্য অ্যাক্সেসযোগ্যতা ও চিত্তবিনোদনের সুযোগ বৃদ্ধি করবে।"

অ্যাসেম্বলি সদস্য রেবেকা সিরাইট বলেন, "শক্তিশালীকরণ এবং ওয়াটারফ্রন্ট প্রোমেনেডের জন্য 11 মিলিয়ন ডলার বরাদ্দ দিয়ে সাউথপয়েন্ট পার্ককে অগ্রাধিকার প্রদান করায় আমি গভর্নর ক্যাথি হোকল এবং রুজভেল্ট আইল্যান্ড অপারেটিং কর্পোরেশনের CEO শেল্টন হেইনেসকে ধন্যবাদ জানাই। এই অতি গুরুত্বপূর্ণ প্রকল্পটি সম্পন্ন হওয়ার মধ্য দিয়ে, অধিবাসী ও দর্শনার্থীরা নিরাপদ থাকতে পারবেন এবং শুধু রুজভেল্ট আইল্যান্ড থেকে দেখা যায় এমন কিছু অনন্য সিটিস্কেপ দৃশ্য উপভোগ করতে পারবেন।"

ম্যানহাটন বরোর প্রেসিডেন্ট গেল এ. ব্রুয়ার বলেন, "রুজভেল্ট আইল্যান্ডকে আরো শক্তিশালী করার জন্য স্টেটের বিনিয়োগের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। এই প্রকল্প বন্যপ্রাণীদের জন্য একটি উদ্যান প্রদান করছে এবং আইল্যান্ডের উপকূলকে সম্প্রসারণ ও পুনরুজ্জীবিত করবে, এবং সেইসাথে অধিবাসীদের ও দর্শনার্থীদের উপভোগের জন্য নতুন লুকআউট পয়েন্ট প্রদান করবে।"

কাউন্সিল সদস্য বেন ক্যালোস বলেন, "নিউ ইয়র্ক সিটিতে রুজভেল্ট আইল্যান্ডের মতো আর কোনো জায়গা নেই এবং পুনরুজ্জীবিত হওয়া সাউথপয়েন্ট পার্ক এই আইল্যান্ডের সৌন্দর্যে নতুন মাত্রা যোগ করেছে। আমি আনন্দিত যে পুনরুজ্জীবিত প্রোমেনেডগুলো আইল্যান্ডের উপকূলকে ভবিষ্যতের প্রাকৃতিক দুর্যোগ ও জলবায়ুজনিত ঘটনার বিরুদ্ধের অতি প্রয়োজনীয় সুরক্ষা প্রদান করছে, এবং সেইসাথে অধিবাসী ও পর্যটকদের জন্য পার্কের ইতিহাস ও দৃশ্য উপভোগ করার জন্য একটি বর্ধিত জায়গা প্রদান করছে। এই প্রকল্পকে এগিয়ে নেয়ার জন্য RIOC এবং গভর্নর হোকলকে ধন্যবাদ।"

রুজভেল্ট আইল্যান্ড অপারেটিং কর্পোরেশন (RIOC) সম্পর্কে
1984 সালে নিউ ইয়র্ক স্টেট রুজভেল্ট আইল্যান্ডের পরিকল্পনা, নকশা, উন্নয়ন, কার্যপরিচালনা, ও রক্ষণাবেক্ষণের মিশন নিয়ে একটি পাবলিক বেনিফিট কর্পোরেশন হিসেবে রুজভেল্ট আইল্যান্ড অপারেটিং কর্পোরেশন (RIOC) গঠন করে। উদ্ভাবনমূলক ও পরিবেশবান্ধব সমাধানের প্রতি জোর দিয়ে RIOC আইল্যান্ডের আবাসিক কমিউনিটিকে সমৃদ্ধ করবে এমন পরিষেবাগুলো প্রদান করতে দৃঢ় প্রতিজ্ঞ। RIOC দুই-মাইল দীর্ঘ এই আইল্যান্ডের রাস্তা, পার্ক, ভবন, একটি স্পোর্টস ফ্যাসিলিটি, এবং আইকনিক রুজবেল্ট আইল্যান্ড ট্রামওয়ে সহ গণপরিবহন নিয়ন্ত্রণ করে থাকে। সেইসাথে, RIOC একটি জন নিরাপত্তা বিভাগ পরিচালনা করে যা অধিবাসী, কর্মচারী, ব্যবসা মালিক, ও দর্শণার্থীদের জন্য একটি নিরাপদ ও সুরক্ষিত পরিবেশ বজায় রাখতে সাহায্য করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418